গণপ্রজাতন্ত্রী বাংলাদেশ সরকার
খাদ্য অধিদপ্তর
চলাচল পরিকল্পনা রেল ও সড়ক শাখা
খাদ্য ভবন, ১৬ আব্দুল গণি রোড, ঢাকা-১০০০
www.dgfood.gov.bd

জরুরি
অতি গোপনীয়

স্মারক নম্বর: ১৩.০১.০০০০.০৮১.৫০.০৩৬.১৭.৬২২

তারিখ: ৪ আষাঢ় ১৪২৯
১৮ জুন ২০২২

বিষয়: **সংগ্রহের স্বার্থে খালি জায়গা সৃষ্টির লক্ষ্যে সড়ক পথে ১৩৩২০ মে.টন বোরো'২২ সিদ্ধ চাল এবং বিভিন্ন খাতে বিলি-বিতরণের জন্য ১০০০ মে.টন আমন'২১-২২ সিদ্ধ চালসহ মোট ১৪৩২০ মে.টন চালের চলাচলসূচি**

সূত্র: ১। আঞ্চলিক খাদ্য নিয়ন্ত্রক, ময়মনসিংহ এর ১৫/০৬/২০২২ খ্রি. তারিখের ১৩.০১.০০০০.৪২২.৫০.০১৩.২১.১০৭২ নং স্মারক; আঞ্চলিক খাদ্য নিয়ন্ত্রক, ঢাকা এর ১৫/০৬/২০২২ খ্রি. তারিখের ১৩.০১.০০০০.০০০.৫০.০০১.২০.১০৯৯ নং স্মারক; আঞ্চলিক খাদ্য নিয়ন্ত্রক, রংপুর এর ১৫/০৬/২০২২ খ্রি. তারিখের ১৩.০১.০০০০.২৬১.৫০.০০৭.২২.৬৪৪ নং স্মারক

২। জেলা খাদ্য নিয়ন্ত্রক, গাজীপুর এর ১৪/০৬/২০২২ খ্রি. তারিখের ১৩.০১.৩৩০০.০০৩.৪৬.১৪৮.২০.১৫৫৩ নং স্মারক

৩। আঞ্চলিক খাদ্য নিয়ন্ত্রক, রাজশাহী এর ১৬/০৫/২০২২ খ্রি. তারিখের ১৩.০১.০০০০.২২৪.৪০.০০১.১৯.২৫২৮ নং স্মারক

৪। সাইলো অধীক্ষক, সান্তাহার সাইলো এর ২২/০৫/২০২২ খ্রি. তারিখের ১৩.০১.০০০০.৩০৪.১৭.২৮৭.১৮.৫৭৯ নং স্মারক

উপর্যুক্ত বিষয়ের পরিপ্রেক্ষিতে জানানো যাচ্ছে যে, চলতি বোরো'২২ সংগ্রহ সফল করার লক্ষ্যে ঢাকা, ময়মনসিংহ ও রংপুর বিভাগের এলএসডিসমূহে চলমান বোরো সংগ্রহের স্বার্থে খালি জায়গা সৃষ্টির লক্ষ্যে সদ্য সংগৃহীত বোরো'২২ সিদ্ধ চাল বিভাগের বাহিরে স্থানান্তরের প্রয়োজনীয় ব্যবস্থা গ্রহণের জন্য সূত্রস্থ ১ নং স্মারকে অনুরোধ করা হয়েছে। এছাড়া গাজীপুর জেলার জয়দেবপুর এলএসডিতে জুন'২২ মাসের অবশিষ্ট সময়ে ওএমএস, ইপি, ওপি, ভিজিডি ও অন্যান্য খাতে বিতরণের জন্য চালের চাহিদা সূত্রস্থ ২ নং স্মারকে প্রেরণ করা হয়েছে। অপরদিকে আসন্ন বোরো'২০২২ ধান ও চাল সংগ্রহের স্বার্থে খালি জায়গা সৃষ্টির লক্ষ্যে মজুতকৃত আমন'২১-২২ সিদ্ধ চাল বিভাগের বাইরে সরানো প্রয়োজনীয় ব্যবস্থা গ্রহণের জন্য সূত্রস্থ ৩ নং ও ৪ নং স্মারকে অনুরোধ করা হয়েছে।তৎপ্রেক্ষিতে ঢাকা, ময়মনসিংহ ও রংপুর বিভাগের এলএসডিসমূহে বোরো সংগ্রহ'২২ সফল করার লক্ষ্যে খালি জায়গা সৃষ্টির জন্য এবং গাজীপুর জেলার জয়দেবপুর এলএসডিতে বিভিন্ন বিলি-বিতরণের জন্য বর্তমান মজুত, সাশ্রয়ী রুট বিবেচনায় মোট ১৩,৩২০ মে.টন বোরো'২২ সিদ্ধ চাল ও ১,০০০ মে.টন আমন'২১-২২ সিদ্ধ চাল অর্থাৎ সর্বমোট ১৪,৩২০ মে.টন চালের চলাচলসূচি নিম্নোক্ত নির্দেশনাবলি যথাযথভাবে পরিপালন শর্তে নির্দেশক্রমে জারি করা হলো:

| ক্র. নং | প্রেরক জেলা | প্রেরণ কেন্দ্র | প্রাপক জেলা | প্রাপক কেন্দ্র | পরিমাণ (মে.টন) | পণ্য | রুট | মন্তব্য |
|---|---|---|---|---|---|---|---|---|

| | | | | | | | | |
|---|---|---|---|---|---|---|---|---|
| ১. | শেরপুর | শেরপুর এলএসডি | ঢাকা | তেজগাঁও সিএসডি | ২২০০ | বোরো'২২ সিদ্ধ চাল | সড়ক পথ | আখানি, ময়মনসিংহ উপসূচি জারি করবেন |
| ২. | ঐ | ঐ | নারায়ণগঞ্জ | নারায়ণগঞ্জ সিএসডি | ১০০০ | ঐ | ঐ | |
| ৩. | ঐ | ঐ | টাংগাইল | বি-বেতকা এলএসডি | ৩০০ | ঐ | ঐ | |
| ৪. | নেত্রকোণা | নেত্রকোণা এলএসডি | মানিকগঞ্জ | মানিকগঞ্জ এলএসডি | ৩০০ | ঐ | ঐ | |
| ৫. | ঐ | ঐ | ঐ | ঘিওর এলএসডি | ৩০০ | ঐ | ঐ | |
| ৬. | ঐ | ঐ | ঐ | উথলী এলএসডি | ৩০০ | ঐ | ঐ | |
| ৭. | ঐ | ঐ | নরসিংদী | পলাশ এলএসডি | ২০০ | ঐ | ঐ | |
| ৮. | ঐ | ঐ | ঐ | শিবপুর এলএসডি | ১০০ | ঐ | ঐ | |
| ৯. | ময়মনসিংহ | তারাকান্দা এলএসডি | ঐ | মনোহরদী এলএসডি | ২০০ | ঐ | ঐ | |
| ১০. | ঐ | ঐ | ঐ | নরসিংদী এলএসডি | ১০০ | ঐ | ঐ | |
| ১১. | ঐ | ঐ | ঢাকা | তেজগাঁও সিএসডি | ৩০০ | ঐ | ঐ | |
| ১২. | জামালপুর | সিংহজানী (গ্রেড-১) এলএসডি | ঐ | ঐ | ৫০০ | ঐ | ঐ | |
| ১৩. | ঐ | ঐ | নারায়ণগঞ্জ | নারায়ণগঞ্জ সিএসডি | ৫০০ | ঐ | ঐ | |
| ১৪. | ঐ | ঐ | চট্টগ্রাম | দেওয়ানহাট সিএসডি | ৫০০ | ঐ | ঐ | চসসা বিভাগ উপসূচি জারি করবেন |
| ১৫. | ঐ | ঐ | ঐ | হালিশহর সিএসডি | ৫০০ | ঐ | ঐ | |
| ১৬. | নেত্রকোণা | বারহাট্টা এলএসডি | ঐ | ঐ | ৫০০ | ঐ | ঐ | |
| ১৭. | ঐ | কেন্দুয়া এলএসডি | ঐ | দেওয়ানহাট সিএসডি | ৫০০ | ঐ | ঐ | |
| ১৮. | ময়মনসিংহ | শ্যামগঞ্জ এলএসডি | ঐ | ঐ | ২৫০ | ঐ | ঐ | |
| ১৯. | ঐ | ঐ | ঐ | হালিশহর সিএসডি | ২৫০ | ঐ | ঐ | |
| ২০. | ঐ | ফুলপুর এলএসডি | ঐ | ঐ | ৬০০ | ঐ | ঐ | |
| ২১. | ঐ | ঐ | ঐ | দেওয়ানহাট সিএসডি | ৬০০ | ঐ | ঐ | |
| ২২. | ফরিদপুর | বোয়ালমারী এলএসডি | ঝালকাঠি | ঝালকাঠি (গ্রেড-১) এলএসডি | ৪০০ | ঐ | ঐ | |
| ২৩. | ঐ | ঐ | বরিশাল | বরিশাল এলএসডি | ৪০০ | ঐ | ঐ | |

| | | | | | | | | |
|---|---|---|---|---|---|---|---|---|
| ২৪. | দিনাজপুর | সেতাবগঞ্জ এলএসডি | বগুড়া | সান্তাহার সিএসডি | ৭০০ | ঐ | ঐ | আখানি, রংপুর উপসূচি জারি করবেন |
| ২৫. | ঐ | ঐ | ঐ | সান্তাহার ওয়্যারহাউস | ৬০০ | ঐ | ঐ | |
| ২৬. | ঐ | ঐ | পাবনা | মুলাডুলি সিএসডি | ৫০০ | ঐ | ঐ | |
| ২৭. | গাইবান্ধা | মহিমাগঞ্জ এলএসডি | ঐ | ঐ | ২০০ | ঐ | ঐ | |
| ২৮. | ঐ | ঐ | বগুড়া | সান্তাহার সিএসডি | ২৮০ | ঐ | ঐ | |
| | ঐ | গোলাপবাগ এলএসডি | ঐ | ঐ | ২৪০ | ঐ | ঐ | |
| | বোরো'২২ চালের মোট = | | | | ১৩৩২০ | | | |
| ২৯. | দিনাজপুর | দিনাজপুর সিএসডি | গাজীপুর | জয়দেবপুর এলএসডি | ৩০০ | আমন'২১-২২ সিদ্ধ চাল | সড়ক পথ | চসসা বিভাগ উপসূচি জারি করবেন |
| ৩০. | নওগাঁ | আত্রাই এলএসডি | ঐ | ঐ | ১০০ | ঐ | ঐ | |
| ৩১. | ঐ | নওগাঁ এলএসডি | ঐ | ঐ | ৩০০ | ঐ | ঐ | |
| ৩২. | বগুড়া | সান্তাহার ওয়্যারহাউস | ঐ | ঐ | ৩০০ | ঐ | ঐ | |
| | আমন'২১-২২ চালের মোট = | | | | ১০০০ | | | |
| | | | | সর্বমোট = | ১৪৩২০ (চৌদ্দ হাজার তিনশত বিশ) | | | |

**নির্দেশনাসমূহ:**

১। এই সূচি বাস্তবায়নের ক্ষেত্রে খাদ্যশস্য ও খাদ্য দ্রব্যের চলাচলসূচি প্রণয়ন নীতিমালা ২০০৮ অনুসরণ করতে হবে।

২। 'খাদ্যশস্য প্রেরণ-প্রাপ্তিকালে করণীয় নির্দেশনা' সম্পর্কিত মহাপরিচালক, খাদ্য অধিদপ্তর কর্তৃক স্বাক্ষরিত ১১/০৫/২০১৯ খ্রি. তারিখের ১৩.০১.০০০০.০৮১.৫০.০৩৬.১৭-২১১ নং প্রজ্ঞাপন এবং 'এলএসডি'র/সিএসডি'র সর্বোচ্চ ধারণ ক্ষমতা ব্যবহার সম্পর্কিত জরুরি নির্দেশনা' বিষয়ক ১৮/০৪/২০২০ খ্রি. তারিখের ১৩.০১.০০০০.০৮১.১৯.০০১.১৯-৩৫৪ নং স্মারক, ২৯/১১/২০২১ খ্রি. তারিখের ১৩.০১.০০০০.০৮১.১৯.০০১.১৯.১২২৪ নং স্মারক ও ২২/০৫/২০২২ খ্রি. তারিখের ১৩.০১.০০০০.০৮১.১৯.০০১.১৯-৪৭৮ নং স্মারকের পত্র কঠোরভাবে অনুসরণ করতে হবে;

৩। সুচির আওতায় প্রেরিতব্য খাদ্যশস্যের বস্তায় প্রযোজ্য ক্ষেত্রে অভ্যন্তরীণ খাদ্যশস্য নীতিমালা, ২০১৭ এর ১৩(গ) অনুচ্ছেদ এবং খাদ্য অধিদপ্তরের ০৯/০৫/২০১৯ খ্রি. তারিখের ১৩.০১.০০০০.০৯১.৪৭.০০২.০৯.৯৯৮ নং স্মারকে নির্দেশনা অনুযায়ী সাইলো/ওয়্যারহাউজ বা এলএসডি/সিএসডিতে চুক্তিবদ্ধ মিলার কর্তৃক সরবরাহকৃত খাদ্যশস্যের বস্তার অপর পৃষ্ঠে ডিজিটাল প্রিন্ট স্টেন্সিলের স্পষ্ট ছাপ প্রদান নিশ্চিত করতে হবে; স্টেনসিলবিহীন খাদ্যশস্য পরিবহণ করতে ঠিকাদারগণ বাধ্য নহেন;

৪। সূচির বিপরীতে প্রেরিতব্য খাদ্যশস্য সংশ্লিষ্ট উপজেলা খাদ্য নিয়ন্ত্রক / উপজেলা খাদ্য নিয়ন্ত্রক (কারিগরি) কর্তৃক যাচাইকৃত হতে হবে এবং সংগৃহীত খাদ্যশস্যের মৌসুম, গুণগতমান ও আর্দ্রতা সুস্পষ্টভাবে ইনভয়েসে উল্লেখ করতে হবে

এবং সংশ্লিষ্ট জেখানির বিশেষ তদারকি/নজরদারিতে খাদ্যশস্য প্রেরণ করতে হবে;

৫। চলাচল সূচির আওতায় কোন কীটাক্রান্ত (জীবিত/মৃত) খাদ্যশস্য প্রেরণ করা যাবে না। সূচিতে উল্লিখিত সংশ্লিষ্ট পণ্য প্রকার ও ওয়ারেন্টি মোতাবেক প্রেরণ করতে হবে; প্রতিটি ট্রাক-এ প্রেরিত চালের ভৌত বিশ্লেষণ রিপোর্ট ও নমুনা অবশ্যই যৌথ স্বাক্ষরে সিলগালা করে ঠিকাদার/প্রতিনিধির নিকট দিতে হবে। পরিবহণকৃত খাদ্যশস্যের সাথে নমুনার মিল না থাকলে কিংবা পথিমধ্যে খাদ্যশস্য ও বস্তা পরিবর্তন করে প্রাপক কেন্দ্রে আনা হলে সংশ্লিষ্ট ঠিকাদার দায়ী থাকবেন এবং দায়ী ঠিকাদারের বিরুদ্ধে চুক্তিপত্র মোতাবেক প্রশাসনিক ব্যবস্থা গ্রহণ করা হবে;

৬। প্রেরক ও প্রাপক কেন্দ্রের সংশ্লিষ্ট কর্মকর্তাগণ প্রযোজ্য ক্ষেত্রে (সাইলো অধীক্ষক/জেখানি/চলাচল ও সংরক্ষণ নিয়ন্ত্রক/ব্যবস্থাপক/এসএমও/উখানি/ভাকক) খাদ্যশস্য পরিবহণ, বোঝাই ও খালাস কার্যক্রম তদারকি করবেন। কোথাও অনিয়ম হলে বা সমস্যার উদ্ভব হলে সংশ্লিষ্ট কর্তৃপক্ষ তাৎক্ষণিক ব্যবস্থা গ্রহণ করবেন এবং নিয়ন্ত্রণকারী কর্তৃপক্ষসহ খাদ্য অধিদপ্তরকে ত্বরিত অবহিত করবেন;

৭। খাদ্যশস্য প্রেরণ ও প্রাপ্তি বিষয়ে প্রেরণ কেন্দ্রের নিয়ন্ত্রণকারী কর্মকর্তা ভি-ইনভয়েস মনিটরিং করবেন। প্রাপ্তি ইনভয়েস যথাসময়ে ফেরত পাঠাবেন এবং এ বিষয়ে সংশ্লিষ্ট কর্মকর্তাগণ (সাইলো অধীক্ষক/জেখানি/চলাচল ও সংরক্ষণ নিয়ন্ত্রক/ব্যবস্থাপক/এসএমও/উখানি/ভাকক) সজাগ দৃষ্টি রাখবেন। উল্লেখ্য, সূচির আওতায় প্রেরিত খাদ্যশস্য প্রাপক কেন্দ্র কর্তৃক প্রাপ্ত হলে ইনভয়েস ফেরত বিলম্বিত হওয়ার কারণেই পরিবাহিত খাদ্যশস্য পথখাতে প্রদর্শন করা যাবে না; ভি-ইনভয়েসে পণ্যের গুণগতমান ও ধরন সুস্পষ্টভাবে উল্লেখ করতে হবে;

৮। সূচির মেয়াদ শেষ হওয়ার পরই অবিলম্বে প্রেরক কেন্দ্র থেকে ঠিকাদারভিত্তিক প্রেরণ বিবরণী প্রস্তুতপূর্বক ফ্যাক্স/ই-মেইল যোগে অধিদপ্তরে চলাচল, সংরক্ষণ ও সাইলো বিভাগে প্রেরণ করতে হবে;

৯। প্রেরিত নমুনা অনুযায়ী প্রাপক কেন্দ্র খাদ্যশস্য বুঝে নিবেন এবং সূচি অনুযায়ী ঠিকাদারভিত্তিক প্রাপ্তি বিবরণী (জেলা খাদ্য নিয়ন্ত্রক প্রতিস্বাক্ষরিত) ফ্যাক্সযোগে সূচি প্রণয়নকারী কর্তৃপক্ষ ও ডিডিও এর নিকট প্রেরণ করবেন;

১০। এ সূচি আঞ্চলিক খাদ্য নিয়ন্ত্রকগণ অফিসিয়াল ফেসবুক পেজ/ওয়েবসাইটে আপলোড করার পাশাপাশি সংশ্লিষ্ট অধীনস্ত জেলা খাদ্য নিয়ন্ত্রক ও ব্যবস্থাপক/এসএন্ডএমও/ভারপ্রাপ্ত কর্মকর্তাগণকে অনুলিপি দিয়ে অবহিত করবেন;

১১। সূচির মেয়াদ আগামী ২২/০৬/২০২২ খ্রি. তারিখ পর্যন্ত বলবৎ থাকবে;

১২। সূচির নির্ধারিত মেয়াদের মধ্যে ঠিকাদার খাদ্যশস্য পরিবহণে ব্যর্থ হলে প্রযোজ্য ক্ষেত্রে চুক্তিপত্র মোতাবেক ব্যবস্থা গ্রহণ করা হবে। অপরিবাহিত খাদ্যশস্য জরুরি বিবেচনায় পরবর্তীতে নতুন সূচি অথবা বোঝাইকেন্দ্রে পরিবহণযানসহ উপস্থিত আগ্রহী ঠিকাদারদের অনুকূলে উপ-সূচি জারি করা হবে;

১৩। মহাপরিচালক, খাদ্য অধিদপ্তর স্বাক্ষরিত ০৮/০৬/২০২০ খ্রি. তারিখের ১৩.০১.০০০০.০৮১.৩২.০০০.১৭-৫২৬ নং স্মারকে জারিকৃত নির্দেশনা মোতাবেক এই সূচি, উপসূচি, ডিআরটিসি সূচি Movement Software এর মাধ্যমে আবশ্যিকভাবে জারি করতে হবে।

এতে যথাযথ কর্তৃপক্ষ এর অনুমোদন রয়েছে।

১৮-৬-২০২২
মোঃ ফজলে রাব্বী হায়দার
উপপরিচালক
ফোন: +৮৮-০২-৯৫৮৪৮৩৪
ফ্যাক্স: +৮৮-০২-৯৫৫৬০৬৭
ইমেইল: dg@dgfood.gov.bd

প্রাপক :
১) আঞ্চলিক খাদ্য নিয়ন্ত্রক, ঢাকা/রংপুর/ময়মনসিংহ
২) সাইলো অধীক্ষক, সান্তাহার সাইলো
৩) জেলা খাদ্য নিয়ন্ত্রক,
শেরপুর/নেত্রকোণা/ময়মনসিংহ/জামালপুর/ফরিদপুর/দিনাজপুর/গাইবান্ধা/নওগাঁ/বগুড়া

স্মারক নম্বর: ১৩.০১.০০০০.০৮১.৫০.০৩৬.১৭.৬২২/১(১০)

তারিখ: ৪ আষাঢ় ১৪২৯ / ১৮ জুন ২০২২

সদয় অবগতি ও কার্যার্থে প্রেরণ করা হলো:
১) অতিরিক্ত মহাপরিচালক, অতিরিক্ত মহাপরিচালকের দপ্তর, খাদ্য অধিদপ্তর
২) পরিচালক, সংগ্রহ বিভাগ, খাদ্য অধিদপ্তর
৩) পরিচালক, হিসাব ও অর্থ বিভাগ, খাদ্য অধিদপ্তর
৪) পরিচালক, সরবরাহ, বন্টন ও বিপণন বিভাগ, খাদ্য অধিদপ্তর
৫) আঞ্চলিক খাদ্য নিয়ন্ত্রক, ঢাকা/চট্টগ্রাম/বরিশাল/রাজশাহী
৬) সাইলো অধীক্ষক, সান্তাহার সাইলো
৭) সিস্টেম এনালিস্ট, কম্পিউটার নেটওয়ার্ক ইউনিট, খাদ্য অধিদপ্তর (খাদ্য অধিদপ্তরের ওয়েব সাইটে প্রকাশের অনুরোধ করা হলো)
৮) জেলা খাদ্য নিয়ন্ত্রক, .......................................
৯) মহাপরিচালকের একান্ত সচিব, মহাপরিচালকের দপ্তর, খাদ্য অধিদপ্তর (মহাপরিচালক মহোদয়ের সদয় অবগতির জন্য)
১০) ব্যবস্থাপক, .......................................... সিএসডি
১১) ভারপ্রাপ্ত কর্মকর্তা, ........................................ এলএসডি

১৮-৬-২০২২
মোঃ ফজলে রাব্বী হায়দার
উপপরিচালক